স্বপরিবারে সড়ক দুর্ঘটনার কবলে আলীকদম উপজেলা চেয়ারম্যান

আলীকদম প্রতিনিধি:

বান্দরবানের আলীকদম উপজেলা পরিষদের চেয়ারম্যান স্বপরিবারে বান্দরবান জেলা সদরের বাসায় যাওয়ার পথে সড়ক দুর্ঘটনায় পতিত হয়েছেন। জেলা সদরের অনতিদূরে মেঘলা মৃত্তিকা নামক স্থানে গাড়িটি (নং বান্দরবান-১১-০০২৩)নিয়ন্ত্রণ হারায়। এসময় গাড়িটি রাস্তা থেকে অন্তত দশ হাত নিচে পড়ে যায়।

উপজেলা পরিষদের ড্রাইভার মো. মোস্তফা জানান, সোমবার সকালে চেয়ারম্যান মো. আবুল কালাম তার স্ত্রী ও সন্তানদের নিয়ে বান্দরবান জেলা সদরের বাসায় যাচ্ছিলেন। গাড়িটি মেঘলা এলাকায় পৌঁছলে ব্রেক কাজ না করায় নিয়ন্ত্রণ হারায়। দুর্ঘটনায় গাড়িটির কিছু বহিরাংশ নষ্ট হয়েছে। এতে চেয়ারম্যান, তার স্ত্রী ও ৩ কন্যা সন্তান আহত হয়েছেন।

উল্লেখ্য, ১১ নভেম্বর, ২০১২ সালে উপজেলা পরিষদের এ গাড়িটি লামা- আলীকদম সড়কের কুমারী এলাকার কবিরের দোকান নামক স্থানে আরেকবার দুর্ঘটনায় পতিত হয়। ওই সময় উপজেলা চেয়ারম্যান আলীকদম থেকে একটি বিয়ের অনুষ্ঠানে যোগ দিতে কক্সবাজার রামুর ঈদগায় যাচ্ছিলেন।